

মে, ২০১৭  
শ্রেণি : পঞ্চম

বিভাগীয় বার্তা  
বাংলা বিভাগ  
চিটাগাং গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম)

ঘাম ঝরে দরদর গ্রীষ্মের দুপুরে  
খাল বিল চৌচির জল নেই পুকুরে।  
মাঠে ঘাটে লোক নেই খাঁ খাঁ রোদ্দুর  
পিপাসায় পথিকের ছাতি কাঁপে দুদ্দুর।

প্রিয় শিক্ষার্থীরা,  
শুভেচ্ছা ও আদর নিও।

বর্ণিল ষড়ঋতুর দেশ বাংলাদেশ। বৈশাখ ও জ্যৈষ্ঠ মিলে প্রথম ঋতু গ্রীষ্মকাল। আগুনের মশাল হাতে মাঠ-ঘাট পোড়াতে পোড়াতে গ্রীষ্মরাজের আগমন। আকাশ-বাতাস ধুলায় ধূসরিত; হারিয়ে যায় প্রকৃতির শ্যামল-ল্লিঙ্ক রূপ। প্রখর সূর্যতাপে নেতিয়ে পড়ছে গাছের সবুজ পাতা। অসহ্য গরমে সমস্ত প্রাণিকুল একটু শীতল পানি ও ছায়ার জন্যে কাতর। এরই মধ্যে কখনো হঠাৎ শুরু হয় কালবোশেখির দুরন্ত তাণ্ডব, ভেঙেচুরে সবকিছু একাকার করে দিয়ে যায়। তবে গ্রীষ্ম যে শুধু তাণ্ডবলীলা চালায় তা নয়; অকৃপণ হাতে দান করে আম, জাম, কাঁঠাল, লিচু, তরমুজ, বেল, আনারস ও জামরুলসহ অসংখ্য রসাল মৌসুমি ফল। এ জন্য জ্যৈষ্ঠ মাসকে বলা হয় 'মধুমাস'। এ সময় আমরা সুস্থ থাকার জন্য নানা সতর্কতা অবলম্বনের পাশাপাশি গ্রীষ্মের ফলগুলোরও স্বাদ গ্রহণ করব।

তোমরা জান, ১ মে সারাবিশ্বে একযোগে পালিত হয়েছে 'আন্তর্জাতিক শ্রমিক সংহতি দিবস'। ১৮৮৬ সালে আমেরিকার শিকাগো শহরের হে মার্কেটের সামনে দৈনিক ৮ ঘণ্টা কাজের দাবিতে আন্দোলনরত শ্রমিকদের ওপর পুলিশ গুলি চালালে ১১ জন শ্রমিক মারা যান এবং পরবর্তীতে আরো অনেককে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। সেই থেকে দিনটি বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে। ২৫শে বৈশাখ বাংলা সাহিত্যের একমাত্র নোবেল বিজয়ী কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম এবং ১১ই জ্যৈষ্ঠ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১১৭ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে গভীর শ্রদ্ধা আর ভালোবাসার সাথে। এই মহামানবদের জীবন থেকে শিক্ষা গ্রহণ করে তোমরা নিজেদের দেশ গড়ার দায়িত্বে নিয়োজিত করবে।

১০মে বৌদ্ধ ধর্মাবলম্বীদের পবিত্রতম উৎসব 'বুদ্ধপূর্ণিমা' উদযাপিত হয়েছে। বৈশাখ মাসের পূর্ণিমা তিথিতে বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধের জন্ম, বোধি বা বুদ্ধত্বলাভ এবং মহা পরিনির্বাণ ঘটেছিল বলেই দিনটি তাঁদের কাছে মর্যাদাপূর্ণ। ১১মে ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে পালিত হয়েছে মুসলমানদের ভাগ্যরজনী নামে খ্যাত পবিত্র 'শবে বরাত'। প্রতি বছর আরবি সনের ১৪ শাবান দিবাগত রাতই হলো এ পবিত্র শবে বরাত। মে মাসের শেষ সপ্তাহে শুরু হচ্ছে পবিত্র রমজান মাস। সিয়াম সাধনার পাশাপাশি বন্ধের পড়ালেখাগুলোও তোমরা যত্নসহকারে সম্পন্ন করবে।

প্রিয় শিক্ষার্থীরা, ১ম থেকে ৪র্থ শ্রেণিতে যারা আছো এখন থেকে দ্বিতীয় সাময়িক পরীক্ষার প্রস্তুতি নিতে শুরু করো। ৫ম শ্রেণির ২য় মডেল টেস্টের ফলাফল অল্প কিছুদিনের মধ্যেই প্রকাশিত হবে। আশা করছি সবাই ভালো করবে।

সবশেষে, প্রথম সাময়িক সাংস্কৃতিক প্রতিযোগিতায় (হাতের লেখা) অংশগ্রহণ করে যারা কৃতকার্য হয়েছে, তাদের শুভ কামনা জানাই। সবাই স্বাস্থ্যের প্রতি যত্ন নেবে। ভালো থেকে।

ধন্যবাদ  
বাংলা বিভাগ।

❖ প্রথম সাময়িক সাংস্কৃতিক প্রতিযোগিতায় (হাতের লেখা) নির্বাচিত প্রতিযোগীদের নাম:

প্রথম : অদ্রিজা চৌধুরি  
দ্বিতীয় : ওয়াসিকা জামিল  
তৃতীয় : যারিন সুবাহ্ অহনা  
জয়জিৎ দত্ত রাজ

❖ পরবর্তী প্রতিযোগিতার বিষয় : আবৃত্তি